দৈনিক ইত্তেফাক

তারিখ 14 MAY 1987
পৃষ্ঠা 1 কলাম 6

২৮শে বৈশাখ, ১৩৯৪

17

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএ পরীক্ষার ফল প্রকাশ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সনের বিএ,পাস পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার ৪৯ দশমিক ৫৯ ভাগ। মোট ২৮ হাজার ১ শত ৮৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩ হাজার ৯ শত ৮১ জন উত্তীর্ণ হইয়াছে। ইহাদের মধ্যে ৯ জন প্রথম বিভাগ, ৪ হাজার ২ শত ১৭

(১ম পৃঃ দ্রঃ)

# বিএ পরীক্ষার ফল প্রকাশ

(১ম পৃঃ পর)

জন দ্বিতীয় বিভাগ, ৯ হাজার ৭ শত ৫০ জন তৃতীয় বিভাগ এবং ৫ জন পাস বিভাগ পাইয়াছে। অধিক পাসের দিক দিয়া সর্বোচ্চ স্থানে রহিয়াছে ঢাকার সিদ্ধেশ্বরী গার্লস কলেজ। পাসের হার ৮৭ দশমিক ৯। এই কলেজে মোট ৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৫১ জন উত্তীর্ণ হইয়াছে। তন্মধ্যে ২৪ জন দ্বিতীয় এবং ২৭ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। পাসের হারের দিক দিয়া বাকেরগঞ্জ কলেজ (পাসের হার ০৪ দশমিক ৫ জন), আঠারবাড়ী ডিগ্রী কলেজ (পাসের হার ০৫ দশমিক ৬ জন), মুলাদী কলেজ (পাসের হার ০৬ দশমিক ৪ জন) সর্বাপেক্ষা শোচনীয় অবস্থায় রহিয়াছে। বাকেরগঞ্জ কলেজে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২২ জন। ইহাদের মধ্যে ২ জন

জামালপুর সরকারী আশেক মাহমুদ কলেজ (পাসের হার ৮৪ দশমিক ৫ জন), ভাণ্ডারিয়া সরকারী কলেজ (পাসের হার ৮৩ দশমিক ১ জন), মুন্সীগঞ্জ সরকারী হরগঙ্গা কলেজ (পাসের হার ৮২ দশমিক ৪ জন), গাজীপুর কালিগঞ্জ শ্রমিক কলেজ (পাসের হার ৮২ দশমিক ৭ জন) নারায়ণগঞ্জ সরকারী মহিলা কলেজ (পাসের হার ৮২ দশমিক ৭ জন), ফলাফলের দিক দিয়া ভালো অবস্থায় রহিয়াছে। প্রথম বিভাগে উত্তীর্ণ ৯ জন পরীক্ষার্থীর মধ্যে মাদারীপুর নাজিমউদ্দিন কলেজ হইতে ১ জন, গফরগাঁও সরকারী কলেজ হইতে ২ জন, ঢাকা সিটি কলেজ হইতে ১ জন, লালমাটিয়া মহিলা কলেজ হইতে

এবং ঢাকা নিউ মডেল ডিগ্রী কলেজ হইতে ১ জন উত্তীর্ণ হইয়াছে। ঢাকা শহরের কলেজগুলির মধ্যে ঢাকা কলেজ (পাসের হার ৬৮), ইডেন কলেজ (পাসের হার ৬৮) ও লালমাটিয়া কলেজ (পাসের হার ৭৬ দশমিক ৬) ফলাফলের দিক দিয়া উপরে রহিয়াছে।

## বি,এ সাবসিডিয়ারী ও বি,মিউজিক

গতকাল একই সময়ে ১৯৮৬ সনের বি,এ সাবসিডিয়ারী ও বি, মিউজিক পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। বি,এ সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার ৬৯ দশমিক ৭।